



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৫৫০(এক্সা) মোবাইল ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu



প্রেস রিলিজ

বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার মানুষ গড়ার কারিগর হচ্ছে বিশ্ববিদ্যালয়গুলো

-প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২২ মে ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ই-নথি বিষয়ক প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন করা হয়েছে। ২২ মে ২০২২ তারিখ সকা঳ ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ কর্মশালার উদ্বোধন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরোফিনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ সাজাদ হোসেন। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. সাজাদ হোসেন বলেন, বঙ্গবন্ধুর ঘনের সোনার মানুষ গড়ার কারিগর হচ্ছে বিশ্ববিদ্যালয়গুলো। আর তাই আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে এগিয়ে যাওয়ার জন্য বিশ্ববিদ্যালয়গুলোকে প্রযুক্তি নির্ভর হতে হবে। ই-নথি হচ্ছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশের রূপরেখা বাস্তবায়নের অন্যতম মাধ্যম। বিশ্ববিদ্যালয়গুলোতে ই-নথির বাস্তবায়ন স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিতের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জোড়ালো ভূমিকা রাখবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ বদরজ্জামান ভূইয়া, কলা ও মানবিক অনুযদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফেরদৌস জামান ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আইএমসিটি বিভাগের পরিচালক মোহাম্মদ মাকছুদুর রহমান ভূইয়া। এছাড়াও অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ও সংশ্লিষ্ট কমিটির আহবায়ক ড. মোঃ মঞ্জুর আহমেদ। কর্মশালায় অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। ই-নথি বিষয়ক প্রশিক্ষন কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আইএমসিটি বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ মনির উল্লাহ। বরিশাল বিশ্ববিদ্যালয়ে দাপ্তরিক কার্যক্রম ই-নথির মাধ্যমে পরিচালনার লক্ষ্যে এ প্রশিক্ষন কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

ବ୍ୟାକ

উপ-পরিচালক (চ. দা.) জনসংযোগ অফিস